

এমপিওভুক্ত হতে না পারায়-

আত্রাইয়ে ২৪ শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীরা মানবেতর জীবনে

ভূপস কুমার আত্রাই (নওগাঁ)

নওগাঁর আত্রাইয়ে ২৪টি শিক্ষাপ্রতিষ্ঠান আজও এমপিওভুক্ত থেকে বঞ্চিত। এমপিওভুক্ত না হওয়ায় এসব প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছেন। সেই সঙ্গে অনেকেই পাঠ দানের অস্বস্তি হারিয়ে ফেলছেন। এসব শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে রয়েছে, মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, দাবিলা মড্রাসা ও কলেজ পর্যায়ের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলার ৮ ইউনিয়নের বিভিন্ন স্থানের বিভিন্ন সময় গড়ে উঠা এসব শিক্ষাপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মচারীরা প্রতিষ্ঠা লগ্ন থেকেই বিনা বেতনে এলাকায় শিক্ষার আলো বিস্তারে বিশেষ ভূমিকা পালন করে যাচ্ছেন। তারা এমপিওভুক্তর আশায় প্রহর গনতে থাকলেও অদ্যাবধি এসব প্রতিষ্ঠান এমপিওভুক্ত না হওয়ায় তাদের ভোগ্য জ্যোতিনী সরকারি বেতন ভাতা। ফলে তাদের মাঝে এখন চরম হতাশা

বিস্তার করেছে।

জানা যায়, ফেসস শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তর আশায় এগনও বুক বেধে আছে সেতলোর মধ্য থেকে নিম্ন মাধ্যমিক পর্যায়ের এমপিও হলেও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো এমপিওর প্রতিশ্রুতি রয়েছে। উপজেলার এসব শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বিভিন্ন সময়ে বোর্ড থেকে পাঠ দানের স্বীকৃতি লাভ করলেও এমপিওভুক্ত না হওয়ায় তাই দুই শতাধিক লোক তাদের পরিবার পরিহান নিয়ে মানবেতর জীবনযাপন করছে।

একটি সূত্রে জানা গেছে, কোন কোন প্রতিষ্ঠানের শিক্ষকরা এমপিওভুক্তর আশায় একসময় থেকে তিনলাফ টাকা পর্যন্ত ডোমেশন দিয়ে নিয়োগ প্রাপ্ত হয়েছেন অথচ অদ্যাবধি এমপিওভুক্ত না হওয়ায় তারা এখন হতাশায় নিমজ্জিত হয়েছেন। শিক্ষায় অগ্রগতি ও এলাকায় শিক্ষার আলো বিস্তারে এসব শিক্ষাপ্রতিষ্ঠান অতিদ্রুত এমপিওভুক্ত করা প্রয়োজন বলে এলাকার সচেতন মহল মনে করছেন।